

# সূত্র

প্রিন্ট: ২৭ অক্টোবর ২০২৫, ০৯:২০ এএম

শিক্ষাজন

## শপথ নিলেন রাকসুর নবনির্বাচিত প্রতিনিধিরা



রাবি প্রতিনিধি

প্রকাশ: ২৬ অক্টোবর ২০২৫, ১১:১২ পিএম



দীর্ঘ ৩৫ বছর পর অনুষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদে (রাকসু) নবনির্বাচিত প্রতিনিধিরা শপথ গ্রহণ করেছেন। রোববার (২৬ অক্টোবর) বিকালে বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে রাকসুর সভাপতি ও উপাচার্য অধ্যাপক সালেহু হাসান নকীব তাদের শপথবাক্য পাঠ করান।

এদিন হল সংসদে নির্বাচিত প্রতিনিধিরাও শপথ গ্রহণ করেন। হল সংসদের প্রতিনিধিদের নিজ নিজ হল প্রাধ্যক্ষ শপথ বাক্য পাঠ করান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন রাকসুর সভাপতি ও উপাচার্য অধ্যাপক সালেহু হাসান নকীব। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক মাস্টিন উদ্দীন, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ফরিদ উদ্দিন খান।

শপথ গ্রহণ অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে পাঠ করা হয়। এরপর অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন রাকসু নির্বাচন কমিশনার অধ্যাপক আব্দুল হামিদ।

তিনি নবনির্বাচিত প্রতিনিধিদের উদ্দেশে বলেন, বহুল প্রতীক্ষিত রাকসু নির্বাচন দীর্ঘ ৩৫ বছর পরে অনুষ্ঠিত হয়েছে। যে নির্বাচনের মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে। সফলভাবে সবার অংশগ্রহণের মধ্য দিয়ে নির্বাচন আয়োজন করে কমিশন একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। আমি আশাবাদী নির্বাচিত প্রতিনিধিরা শিক্ষার্থীদের আশা-আকাঙ্ক্ষার প্রতি দায়বদ্ধ থাকবেন। তারা বিশ্ববিদ্যালয়সহ দেশের অন্য অঙ্গনেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

শপথ পাঠ শেষে উপাচার্য নবনির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে কুশল বিনিময় করেন।

গত ১৬ অক্টোবর এ রাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে সহ-সভাপতি (ভিপি) নির্বাচিত হন ইসলামী ছাত্রশিবির সমর্থিত ‘সম্মিলিত শিক্ষার্থী জোট’ প্যানেলের মোস্তাকুর রহমান জাহিদ এবং সাধারণ সম্পাদক (জিএস) হন সাবেক সমন্বয়ক ও ‘আধিপত্যবিরোধী ঐক্য’ প্যানেলের সালাউদ্দিন আম্মার। এছাড়া রাকসুর ২৩টি পদের মধ্যে ২০টি পদে ছাত্রশিবির সমর্থিত ‘সম্মিলিত শিক্ষার্থী জোটের’ প্রার্থীরা জয়ী হয়েছেন।

শপথ গ্রহণ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন রাকসু প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক সেতাউর  
রহমান। এ সময় প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক এফ নজরুল ইসলামসহ নির্বাচন কমিশনের  
অন্য সদস্যরা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

